মোংলা বন্দর কর্তৃপক্ষ
মোংলা, বাগেরহাট।

বিষয়ঃ ৩০/০৬/২০২১ তারিখ বেলা ১২.০০ ঘটিকায় অনুষ্ঠিত মবক'র মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	: রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, পিএসসি, চেয়ারম্যান।
তারিখ	: ৩০-০৬-২০২১ খ্রিঃ।
সময়	: ১২.০০ ঘটিকা।
স্থান	: মবক'র সভা কক্ষ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচালক (প্রশাসন) চেয়ারম্যান ও সদস্য মহোদয়গণের সহযোগিতায় বন্দরের কাজ এগিয়ে নেয়ার আশা ব্যক্ত করে সভার কাজ শুরু করেন। অতঃপর পরিচালক (প্রশাসন) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:-

১। গত ৩০/০৫/২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। বিগত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অডিট কার্যক্রম পরিচালনা এবং অডিট আপত্তি হ্রাস। এজেন্ডা শুরুর তারিখঃ ২৯/১০/২০১৯	ক) করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকার সাথে যোগাযোগ করে অডিট আপত্তিসমূহ নিষ্পন্নের ব্যবস্থা করা হবে। খ) ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ সনের মবক'র বিভিন্ন কার্যক্রমের উপর পরিবহন অডিট অধিদপ্তর ঢাকা কর্তৃক ৭০টি আপত্তি উত্থাপিত হয়েছে। উক্ত আপত্তিসমূহের মধ্যে (২৭+৭)=৩৪টি আপত্তি ব্রডশীট জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। অবশিষ্ট ৩৬ টি আপত্তির ব্রডশীট জবাব প্রস্তুত প্রক্রিয়াধীন আছে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃবিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ঘ) ঊর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তার পদোন্নতি সংক্রান্ত অডিট আপত্তি নিষ্পত্তির জন্য দফাওয়ারি জবাব প্রস্তুত করা হচ্ছে যা শীঘ্রই চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হবে।	ক) দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার সিদ্ধান্ত অনুযায়ী মীমাংসাপত্র জারীর বিষয়টি ত্বরান্বিত করতে হবে। খ) ২০১৮-২০১৯ ও ২০২১৯-২০২০ সনের উত্থাপিত আপত্তির ব্রডশীট জবাব মন্ত্রণালয়ের মাধ্যমে পরিবহন অডিট অধিদপ্তরে প্রেরণ করতে হবে। গ) অনিষ্পন্ন অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির বিষয়ে আন্তঃ বিভাগীয় যোগাযোগ অব্যাহত রাখতে হবে। ঘ) উর্ধ্বতন নিরীক্ষা কর্মকর্তার অডিট আপত্তির আলোকে বিধি-বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান নিরীক্ষা কর্মকর্তা
২.	মোংলা পৌরসভার সাথে যৌথভাবে পরিচালিত ট্রাক টার্মিনালের খসড়া নীতিমালা বিষয়ে আলোচনা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৪/০২/২০২০	আগামী ১২/০৭/২১ তারিখে সদস্য (প্রঃ ও উঃ) মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠেয় সভার নিদ্ধান্তের আলোকে নীতিমালা চূড়ান্ত করা হবে। খ) ট্রাক-টার্মিনালের দোকান ভাড়া সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	ক) মোংলা পৌরসভার সাথে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে নীতিমালা চূড়ান্ত করতে হবে। খ) সদস্য (প্রঃ ও উঃ) এর সভাপতিত্বে অনুষ্ঠেয় সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন) ও প্রধান প্রকৌশলী (সিঃওহাঃ)
৩.	খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন। এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০	খুলনা ও মোংলা রেস্ট হাউজ পরিচালনার জন্য খসড়া নীতিমালা প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য চেয়ারম্যান মহোদয় বরাবর উপস্থাপন করা হয়েছে।	নীতিমালা চূড়ান্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপক (প্রশাসন)

ক্রঃনং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নে
৪.	অবৈধ দখলদার উচ্ছেদ। এজেন্ডা শুরুর তারিখঃ ২২/০৩/২০২০	নির্বাহী ম্যাজিস্ট্রেট কে বিচারিক ক্ষমতা প্রদান করা হয়েছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে স্থায়ী বন্দর ও পুরাতন মোংলাস্থ অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা হবে।	করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে স্থায়ী বন্দর ও পুরাতন মোংলাস্থ এলাকায় অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম শুরু করতে হবে।	প্রধান নিরাপত্তা কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
৫.	এপিএ ২০২০-২১ বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে। এজেন্ডা শুরুর তারিখঃ ১৯-০৮-২০২০	মবক'র ২০২১-২০২২ অর্থবছরের এপিএ'র চুক্তি গত ২৭/০৬/২০২১ তারিখে নৌপমের সাথে স্বাক্ষরিত হয়েছে।। চলতি অর্থ বছরের এপিএ অগগ্রতি প্রতিবেদন প্রণয়নের কাজ চলছে আগামী ১৫/৭/২১ তারিখের মধ্যে APAMS সফটওয়্যারে আপলোড করা হবে।	নির্ধারিত সময়ে এপিএ বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	উপ-পরিকল্পনা প্রধান
৬.	বাসা বরাদ্দ/বাতিল। এজেন্ডা শুরুর তারিখঃ ২২-১০-২০২০	সাবলেটধারীদের তালিকা সংগ্রহ করা হয়েছে। মোট সাবলেটধারী ৩৬ জনের মধ্যে ইতোমধ্যে ২২ জন বাসা ছেড়ে দিয়েছেন। অবশিষ্ট ১৪ জন সাবলেটধারী বাসা ছেড়ে না দেওয়ায় বরাদ্দগ্রহীতার বরাদ্দ বাতিল করা হয়। পরবর্তীতে বাসা বরাদ্দ বহাল রাখার জন্য তারা আবেদন করেন। তাদের আবেদন বিবেচনার জন্য ১০/০৬/২০২১ তারিখে ০২ (দুই) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়। করোনা পরিস্থিতির কারণে এ পর্যন্ত প্রতিবেদন পাওয়া যায় নি।	কমিটিকে অতিদ্রুত প্রতিবেদন দাখিলের জন্য তাগিদ দিতে হবে।	পরিচালক (প্রশাসন)
৭.	আমদানীকারকগণ কর্তৃক মোংলা বন্দর ব্যবহারে উৎসাহ প্রদান । এজেন্ডা শুরুর তারিখঃ ০৩-০৩-২০২১	ইতোমধ্যে গাড়ী আমদানীকারকদের (বারভিডা'র) সাথে সভা অনুষ্ঠিত হয়েছে। স্বল্প সময়ের মধ্যে C&F এজেন্টদের সাথে সভা অনুষ্ঠিত হবে।	মোংলা বন্দর ব্যবহারে ব্যবহারকারীদের উৎসাহ প্রদান কার্যক্রম অব্যাহত রাখাসহ প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	হারবার মাস্টার, পরিচালক (ট্রাফিক) ও প্রধান প্রকৌশলী (যাঃও তঃ)
৮.	মোংলা বন্দরের বিভিন্ন স্থানে স্তুপকৃত ড্রেজিং মাটি অপসারণ। এজেন্ডা শুরুর তারিখঃ ২৭-০৪-২০২১	বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য গত ১৬/০৫/২০২১ তারিখে কমিটির গঠনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদন পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।	বালি মাটি বিক্রয়ের রেট পুনঃ নির্ধারণের জন্য কমিটির অনুমেদন পাওয়া গেলে জরুরী ভিত্তিতে কমিটির প্রতিবেদন সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৯.	মবক'র হাসপাতালে হার্টের রোগীদের জন্য ভ্যাকসিন রাখা এবং রেফারকৃত সংশ্লিষ্ট হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা রাখা। এজেন্ডা শুরুর তারিখঃ ২৭-০৪-২০২১	প্রধান চিকিৎসা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, খুলনা গাজী মেডিকেল কলেজ ও সিটি মেডিকেল কলেজ হাসপাতালের প্রতিনিধি দলের সাথে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়েছে। আনুষ্ঠানিক প্রস্তাব পাওয়ার পর সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা হবে।	দ্রুততর সময়ের মধ্যে সমঝোতা স্বাক্ষরের ব্যবস্থা করতে হবে।	প্রধান চিকিৎসা কর্মকর্তা